গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং, শাখা-১

নং-২০.০৫.০০০০.৪৭৮.১৪.২৬৫.১৬-১২৩

তারিখঃ ২৯ অগ্রহায়ণ, ১৪২৩ বঙ্গাব্দ
১৩ নভেম্বর, ২০১৬ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ** "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া"-শীর্ষক প্রকল্পের ওপর ০৭/১১/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ০৭/১১/২০১৬ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি) কর্তৃক প্রস্তাবিত "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটি'র (পিইসি) সভা অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

১৩/১১/২০১৬

(আবু সাঈদ মোঃ কামরুজ্জামান)
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯১৮০৬৪৬
ই-মেইলঃ kzaman050870@yahoo.com

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
**[দৃঃআঃ যুগ্ম-প্রধান, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ ভবন, ১ আবদুল গনি রোড, ঢাকা (১১ তলা)]।**
৫। সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। সচিব, পরিবেশ ও বন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। প্রধান, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৯। প্রধান, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
১০। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি, বিদ্যুৎ ভবন, ১ নং অব্দুল গণি রোড, ঢাকা।

**অবগতির জন্য অনুলিপিঃ**

১। ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৩। প্রধান (শিল্প ও শক্তি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৫। উপ-প্রধান (বিদ্যুৎ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ

বিষয়ঃ ০৭/১১/২০১৬ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি) কর্তৃক প্রস্তাবিত "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া" -শীর্ষক প্রকল্পের ওপর অনুষ্ঠিত প্রকল্প মূল্যায়ন কমিটি (পিইসি) সভার কার্যবিবরণী।

পরিকল্পনা কমিশনের ভারপ্রাপ্ত সদস্য (শিল্প ও শক্তি) জুয়েনা আজিজ এর সভাপতিত্বে গত ০৭/১১/২০১৬খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের আওতাধীন ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (ডিপিডিসি) কর্তৃক প্রস্তাবিত "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া"-শীর্ষক প্রকল্পের ওপর পরিকল্পনা কমিশনে প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভা অনুষ্ঠিত হয়। সভায় সাধারণ অর্থনীতি বিভাগ, অর্থ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের কোন প্রতিনিধি উপস্থিত ছিলেন না। উক্ত সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা পরিশিষ্ট-"ক" তে সন্নিবেশিত।

২। **উপস্থাপনাঃ**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন এবং প্রকল্পটি উপস্থাপনের জন্য পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধানকে আহবান জানান। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের প্রধান প্রকল্পের পটভূমিকায় উল্লেখ করেন যে, সরকার ২০২১ সালের মধ্যে ২৪,০০০ মে: ও: এবং ২০৩০ সালের মধ্যে ৪০,০০০ মে:ও: বিদ্যুৎ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করেছে। বিদ্যুৎ উৎপাদনের উক্ত লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্য রেখে বিদ্যুৎ সঞ্চালন ও বিতরণ ব্যবস্থা উন্নয়নের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় বিদ্যুৎ বিভাগ কর্তৃক ডিপিডিসি এলাকায় সুষ্ঠু ও নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ বিতরণ ব্যবস্থার উন্নয়নের লক্ষ্যে নতুন বিতরণ লাইন নির্মাণ ও সংস্কার এবং নতুন উপকেন্দ্র নির্মাণ ও সংস্কারের জন্য মোট ২০,৫০১.৫২ কোটি টাকা (জিওবি ৫,৫৩৬.৯৬ কোটি, সংস্থার নিজস্ব ১,১২০.২৭ কোটি ও প্রকল্প সাহায্য ১৩,৮৪৪.২৯ কোটি) প্রাক্কলিত ব্যয় সম্বলিত এবং জানুয়ারী, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নার্থে "এক্সপ্যানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া ["Expansion and Strengthening of Power System Network under DPDC Area"] শীর্ষক প্রকল্পের প্রস্তাব করা হয়েছে।

৩। **আলোচনাঃ**

৩.১ সভায় প্রকল্পের বৈদেশিক সাহায্য প্রাপ্তির নিশ্চয়তা ও সর্বশেষ অগ্রগতির বিষয়ে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করনে যে, ইতোমধ্যে নেগোসিয়েশন চূড়ান্ত হয়েছে। তবে ইআরডি থেকে গত ২৯/১০/২০১৬ তারিখে বিদ্যুৎ বিভাগে প্রেরিত পত্রে বেশ কিছু মতামত জানতে চাওয়া হয়েছে। এ প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ঋণ চুক্তি চূড়ান্ত না হলেও বাণিজ্যিক চুক্তি ইতোমধ্যে চূড়ান্ত হয়েছে। উক্ত সভায় ইআরডি'র প্রতিনিধি উপস্থিত ছিলেন। তাছাড়া, ইআরডি'র উক্ত পত্রে ডিপিপি দ্রুত অনুমোদনের বিষয়টিও উল্লেখ করা হয়েছে। বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে আরো জানান যে, ইতোমধ্যে ইআরডি'র পত্রের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্তি ডিপিডিসি কর্তৃপক্ষকে বিদ্যুৎ বিভাগ থেকে নির্দেশনা দেয়া হয়েছে। বর্তমানে ডিপিডিসি কর্তৃপক্ষ উক্ত পত্রের জবাব তৈরীর কাজ করছে।

৩.২ সভায় প্রকল্পের শিরোনাম বাংলায় "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া" লেখা প্রসঙ্গে উল্লেখ করা হয় যে, প্রকল্পের শিরোনামের বাংলা মূলতঃ প্রকল্পের ইংরেজী নামের বঙ্গানুবাদ হবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনার পর প্রকল্পের বাংলা শিরোনাম **"ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ"** করার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৩.৩ সভায় প্রস্তাবিত বৃহদাকার প্রকল্পটির লগফ্রেম আরো সঠিক, প্রাসঙ্গিক, সংক্ষিপ্ত আকারে প্রস্তুত করার উপর গুরুত্বারোপ করা হয়। এ প্রসঙ্গে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি উল্লেখ করেন যে, সভায় আলোচনা মোতাবেক ডিপিপি'র প্রকল্পের লগফ্রেম সঠিক, সংক্ষিপ্ত, প্রাসঙ্গিককরত: তা পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করা হবে।

৩.৪ সভায় ডিপিপি'র ২৮ নং অনুচ্ছেদে বর্ণিত সম্ভাব্য ঝুঁকি (Risk) এবং ঝুঁকি প্রশমনে সম্ভাব্য করণীয় সম্পর্কে যে বর্ণনা দেয়া হয়েছে তা সামঞ্জস্যপূর্ণ নয় বলে সভায় উল্লেখ করা হলে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ডিপিপি'র ২৮ নং অনুচ্ছেদে বর্ণিত ঝুঁকি প্রশমনে করণীয় বিষয়টি পরিমার্জনপূর্বক ডিপিপিতে সন্নিবেশ করা হবে।

৩.৫ সভায় উন্নয়ন প্রকল্প প্রক্রিয়াকরণ ও অনুমোদন সংক্রান্ত বিদ্যমান পরিপত্র অনুযায়ী ডিপিপি'র কলেবর আরো সংক্ষিপ্ত করার প্রয়োজনীয়তার বিষয়টি উল্লেখ করা হলে ডিপিডিসি'র পক্ষ থেকে ডিপিপি'র কলেবর আরো সংক্ষিপ্ত করা হবে মর্মে সভাকে আশ্বস্ত করা হয়।

৩.৬ সভায় প্রকল্পের আওতায় যে সকল জেলায় জমি অধিগ্রহণের পরিকল্পনা আছে যে সকল জেলার সংশ্লিষ্ট মৌজার বাজারদরের ভিত্তিতে ডিপিপি'তে জমির প্রাক্কলন করা হয়েছে কিনা প্রসঙ্গে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, প্রকল্প এলাকার জমি ঢাকা মেট্রোপলিটন ও নারায়ণগঞ্জ জেলার অন্তর্ভুক্ত। বেশ কয়েকটি জায়গা ডিপিডিসি'র নিজস্ব হিসেবে বিদ্যমান আছে। তাছাড়া, ঢাকা শহরের ভূমির দুস্প্রাপ্যতা বিবেচনা করে জমি অধিগ্রহণের পাশাপাশি জমি ক্রয়কে প্রাধান্য দেয়া হয়েছে। বর্তমান বাজার দর, সাবরেজিস্ট্রি অফিসের অধিক্ষেত্রের আওতায় ২০১৫ সালের জন্য অনুসরণীয় মৌজা ওয়ারী শ্রেণি ভিত্তিক এবং ব্যক্তি মালিকানাধীন জমির বাজার মূল্য অনুসরণ করে ব্যয় প্রাক্কলন করা হয়েছে।

৩.৭ পরিবেশ মন্ত্রণালয়ের প্রতিনিধি এ প্রকল্পের জন্য Environmental Impact Assessment (EIA) এর অগ্রগতির বিষয়ে জানতে চাইলে ডিপিডিসি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ইতোমধ্যে পরিবেশ অধিদপ্তর থেকে প্রয়োজনীয় ছাড়পত্র গ্রহণ করা হয়েছে। এ প্রসংগে পরিবেশ মন্ত্রণালয়ের প্রতিনিধি সভাকে আরো অবহিত করেন যে, প্রকল্পের আওতায় ভবিষ্যতে যে সকল জায়গা নতুনভাবে ক্রয়/অধিগ্রহন করা হবে তার জন্যও পরিবেশ অধিদপ্তর থেকে পুনরায় EIA গ্রহণ করতে হবে। তিনি আরো উল্লেখ করেন যে, প্রকল্পের আওতায় যে সকল যন্ত্রপাতি আমদানী/ক্রয় করা হবে সেগুলোতে যেন Polychlorinated biphenyl (PCB) না থাকে সে বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন। বিস্তারিত আলোচনার পর ভবিষ্যতে যে সকল জায়গা নতুনভাবে ক্রয়/অধিগ্রহন করা হবে তার জন্য পরিবেশ অধিদপ্তর থেকে EIA গ্রহণ এবং প্রকল্পের আওতায় আমদানীকৃত/ক্রয়তব্য যন্ত্রপাতি যেন PCB মুক্ত থাকে সে বিষযটি মনিটরিং করার জন্য ডিপিডিসি কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান করা হয়।

৩.৮ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি'তে প্রস্তাবিত Steering Committee-তে বিদ্যুৎ বিভাগ থেকেই সভাপতিসহ মোট ৫ জন সদস্য অন্তর্ভুক্তির প্রস্তাব করা হয়েছে যা বিদ্যুৎ বিভাগের মাধ্যমে বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পের অনুরূপ হওয়া বাঞ্চনীয়। এ প্রসঙ্গে সংস্থার প্রতিনিধি উল্লেখ করেন যে, প্রকল্পটি একটি জটিল ও বৃহদাকার প্রকল্প হওয়ায় এর কার্যক্রম নিবিড়ভাবে মনিটরিং করার জন্য ডিপিপিতে একটি Project Coordination and Supervision Mechanism (PCSM) গঠন করার বিষয়টি উল্লেখ রয়েছে। এ প্রসংগে ডিপিডিসি'র প্রতিনিধি উল্লেখ করেন যে, সভার আলোচনা অনুযায়ী পুনর্গঠিত ডিপিপিতে Steering Committee-এর কাঠামো বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পের অনুরূপভাবে পুনর্গঠন করা হবে।

৩.৯ কার্যক্রম বিভাগের প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, চলতি (২০১৬-২০১৭) অর্থ বছরের এডিপিতে বিদ্যুৎ বিভাগের অনুকূলে অননুমোদিত প্রকল্পের জন্য থোক হিসেবে বরাদ্দ আছে ৫০০.০০ কোটি টাকা। ইতোমধ্যে উক্ত বরাদ্দ থেকে আরইবি'র একটি অনুমোদিত প্রকল্পের অনুকূলে ৪৬০.০০ কোটি টাকা বরাদ্দ দেয়া হয়েছে। তাছাড়া, ইতোমধ্যে বিদ্যুৎ ভিাগের আওতাধীন বিভিন্ন সংস্থার বেশ কিছু প্রকল্প অনুমোদিত হয়েছে। অনুমোদিত এসকল প্রকল্পের অর্থায়ন নিশ্চিত করা না গেলে প্রকল্পের বাস্তবায়ন বিঘ্নিত হবে-যা কাম্য নয়। এ প্রসংগে বিদ্যুৎ বিভাগের প্রতিনিধি বলেন যে, (২০১৬-২০১৭) অর্থ বছরের চাহিদার তুলনায় এডিপিতে কম বরাদ্দ পাওয়া গেছে। তবে তিনি জানান যে, এডিপিতে প্রাপ্ত বরাদ্দ খরচের সক্ষমতা দেখাতে পারলে সরকারের অগ্রাধিকারপ্রাপ্ত এ সেক্টরের অর্থের যোগানে কোন ঘাটতি থাকবে না। সভায় বিস্তারিত আলোচনান্তে সম্প্রতি বিদ্যুৎ বিভাগের অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ প্রদানের সুবিধার্থে চলতি অর্থ বছরের এডিপি/আরএডিপিতে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত অর্থ বিভাগের মাধ্যমে প্রচেষ্টা গ্রহণের পরামর্শ প্রদান করা হয়।

৩.১০ সভায় উল্লেখ করা হয় যে, ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় বেশ কিছু মুদ্রনজনিত ত্রুটি আছে যা সংশোধন করা প্রয়োজন। ডিপিপি'র সকল মুদ্রণজনিত ত্রুটি সংশোধনকরতঃ ডিপিপি পুনর্গঠন করার বিষয়ে সভায় ঐকমত্য পোষণ করা হয়।

৪। **সিদ্ধান্তঃ** বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ প্রতিপালন সাপেক্ষে "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া"-শীর্ষক প্রকল্পটি অনুমোদনের সুপারিশ করা হয়ঃ

৪.১ প্রকল্পের বাংলা শিরোনাম **"ডিপিডিসি'র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা সম্প্রসারণ ও শক্তিশালীকরণ"** করতে হবে;

৪.২ প্রকল্পের লগফ্রেম সঠিক, সংক্ষিপ্ত, প্রাসঙ্গিক করত: পুনর্গঠিত ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;

৪.৩ ডিপিপি'র ২৮ নং অনুচ্ছেদে বর্ণিত ঝুঁকি প্রশমনে করণীয় বিষয়টি পরিমার্জনপূর্বক ডিপিপিতে সন্নিবেশ করতে হবে;

৪.৪ ডিপিপি'র কলেবর যতদুর সম্ভব সংক্ষিপ্ত করার ব্যবস্থা নেয়া যেতে পারে;

৪.৫ ভবিষ্যতে যে সকল জায়গা নতুনভাবে ক্রয়/অধিগ্রহন করা হবে তার জন্য পরিবেশ অধিদপ্তর থেকে EIA সম্পন্নের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ এবং প্রকল্পের আওতায় আমদানীকৃত/ক্রয়তব্য যন্ত্রপাতি যেন Polychlorinated biphenyl (PCB) মুক্ত থাকে সে বিষয়টি মনিটরিং করতে হবে;

৪.৬ প্রকল্পের Steering Committee-এর কাঠামো বিদ্যুৎ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পের অনুরূপভাবে পুনর্গঠন করতে হবে;

৪.৭ সম্প্রতি বিদ্যুৎ বিভাগের অনুমোদিত প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দ প্রদানের সুবিধার্থে চলতি অর্থ বছরের এডিপি/আরএডিপিতে অতিরিক্ত বরাদ্দ প্রাপ্তির নিমিত্ত অর্থ বিভাগের মাধ্যমে প্রচেষ্টা গ্রহণ করতে হবে;

৪.৮ ডিপিপি'র বিভিন্ন পৃষ্ঠায় বেশ কিছু মুদ্রনজনিত ত্রুটি আছে যা সংশোধন করতে হবে; এবং

৪.৯ আলোচনা মোতাবেক ও উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের আলোকে ডিপিপি পুনর্গঠন করে পুনর্গঠিত ডিপিপি সত্বর পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা শেষ করেন।

১০/১১/২০১৮

(জুয়েনা আজিজ)
ভারপ্রাপ্ত সদস্য
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
বিদ্যুৎ উইং

বিষয়ঃ ০৭/১১/২০১৬ তারিখে অনুষ্ঠিত "এক্সপানশন এন্ড স্ট্রেংদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া"-শীর্ষক প্রকল্পের ওপর প্রকল্প মূল্যায়ন কমিটির (পিইসি) সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা।

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রনালয়/সংস্থা | টেলিফোন নং | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | ব্রিঃ জেঃ (অবঃ) মোঃ নজরুল হাসান (অবঃ) ব্যবস্থাপনা পরিচালক ডিপিডিসি | 01730338000 | MD@dpdc.org.bd | [signature] |
| ২. | প্রকৌ: মোঃ রফিকুল ইসলাম সরকার নির্বাহী পরিচালক, ডিপিডিসি | 01730335005 | ede@dpdc.org.bd | [signature] |
| ৩. | প্রকৌ. আমিনুর রহমান প্রধান প্রকৌশলী (পিএন্ডডি) ডিপিডিসি | 01730335066 | cepd@dpdc.org.bd | [signature] |
| ৪. | এম, এম, শহীদুল ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী ডিজাইন, ডিপিডিসি | 01713255008 | sed@dpdc.org.bd | [signature] |
| ৫. | মোঃ মেহেদী হাসান নির্বাহী প্রকৌশলী প্রজেক্ট প্ল্যানিং, ডিপিডিসি | ০২৯৫৬৬৪৪০৮ | xenpp@dpdc.org.bd | [signature] |
| ৬. | তমাল সরকার সহকারী প্রকৌশলী প্রজেক্ট প্ল্যানিং, ডিপিডিসি | 01730335083 | tamal@dpdc.org.bd | [signature] |
| ৭. | সাবিনা রওশন সহকারী প্রধান কার্যক্রম বিভাগ, পাক. | 9180662 | sbn_rosn@yahoo.com | [signature] 07-11-16 |
| ৮. | Redwanur Rahman Assistant Chief Power Wing | 01777743238 | rac.pwr.ied@plancomm.gov.bd | [signature] 07-11-16 |
| ৯. | ড. কাজী মোঃ বেলাল উদ্দীন উপ-প্রধান, বিদ্যুৎ বিভাগ | 9574411 | dchief-1@pd.gov.bd | [signature] 7.11.16 |
| ১০. | নাসিমা মহসীন পরিচালক (যুগ্মসচিব) আইএমইডি | ৯৫৫২৮৫৭ | mohsinnasima1@gmail.com | [signature] 7/11/2016 |
| ১১. | [illegible] | [illegible] | quazihashmi@gmail.com | [signature] |

১৩

| ক্রমিক নং | নাম, পদবী ও মন্ত্রনালয়/সংস্থা | টেলিফোন নং | ই-মেইল | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১২. | কমলেশ কুমার দাস<br>যুগ্মসচিব, ই.আর.ডি. | 01746630640 | KKdas.bdgov@gmail.com | [illegible] 07.11.16 |
| ১৩. | Md. Khalilur Rahman Khan<br>JC, Plang Com | 01823457412 | Krk_sew@yahoo | [illegible] 7.11.16 |
| ১৪. | মো: সাইফুল আলম সাদিক<br>প্রধান, পরি. কমিশন | | saiful123200@gmail.com | [illegible] 07.11.2016 |
| ১৫. | ফজিলাতুন নেছা<br>XEN, Project Planning, DPDC | 01730335183 | xenpp@dpdc.org.bd | Fuessa. 07.11.2016. |
| ১৬. | আবু সাঈদ মো: কামরুজ্জামান<br>সিনিয়র সহকারী প্রধান | 9180646 | kzaman050870@yahoo.com | [illegible] 07.11.2016 |
| ১৭. | | | | |
| ১৮. | | | | |
| ১৯. | | | | |
| ২০. | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |